18 APR 2016

দৈনিক
ইত্তেফাক

# স্কুলছাত্রীকে বাসায় ডেকে নিয়ে ধর্ষণ

## লক্ষ্মীপুরে যুবলীগ নেতার বিরুদ্ধে মামলা

■ **লক্ষ্মীপুর প্রতিনিধি**

লক্ষ্মীপুর সদর উপজেলার চরশাহী ইউনিয়নের দাসেরহাটে যুবলীগ নেতা জামালউদ্দিনের বাসায় ধর্ষণের শিকার হয়েছে ৯ম শ্রেণীর এক স্কুলছাত্রী। আহত অবস্থায় ওই ছাত্রীকে শনিবার রাত ১১টার দিকে পুলিশ উদ্ধার করে জেলা সদর হাসপাতালে ভর্তি করেছে। এ ঘটনায় গতকাল রবিবার সকালে ওই ছাত্রীর ভাই বাদী হয়ে জামালউদ্দিন ও তার সহযোগী ওসমানকে আসামি করে চন্দ্রগঞ্জ থানায় একটি ধর্ষণ মামলা দায়ের করেছেন।

জামাল ইউনিয়ন যুবলীগের যুগ্ম-আহবায়ক ও দাসেরহাট বাজার ব্যবস্থাপনা কমিটির সহ-সাধারণ সম্পাদক। উপজেলার চরশাহী ইউনিয়নের গোবিন্দপুর গ্রামে বাড়ি হলেও সে দাসেরহাট বাজারে ভাড়া বাসায় স্ত্রীকে নিয়ে থাকে। ঘটনার সময় জামালের স্ত্রী বাসায় ছিলেন না। পুলিশ জানায়, শনিবার রাত সাড়ে ৮টার দিকে ওই স্কুলছাত্রীকে কৌশলে দাসেরহাট বাজারের বাসায় ডেকে নেয় যুবলীগ নেতা জামাল। সেখানে মুখ বেঁধে তাকে জোরপূর্বক ধর্ষণ করে ফেলে রেখে পালিয়ে যায়। ওই স্কুলছাত্রীর চিৎকারে বাজারের ব্যবসায়ীরা এগিয়ে এসে রক্তাক্ত অবস্থায় মেয়েটিকে উদ্ধার করে দাসেরহাট তদন্ত কেন্দ্রের পুলিশকে খবর দেয়। পরে পুলিশ ওই ছাত্রীকে লক্ষ্মীপুর সদর হাসপাতালে ভর্তি করে। বর্তমানে সে হাসপাতালের ওয়ান স্টপ ক্রাইসিস সেলে চিকিৎসাধীন।

সদর হাসপাতালের আবাসিক মেডিক্যাল অফিসার ডা. আনোয়ার হোসেন জানান, ধর্ষণের শিকার স্কুলছাত্রীকে আহত অবস্থায় হাসপাতালে নিয়ে আসে পুলিশ। এ ঘটনায় শারীরিক ও মানসিকভাবে ভেঙে পড়েছে ছাত্রীটি। চন্দ্রগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আজিজুর রহমান জানান, ঘটনার দিন সন্ধ্যায় খাতা-কলম কেনার জন্য ভুক্তভোগী ছাত্রীটি দাসেরহাট বাজারে যায়। সেখান থেকে ফেরার পথে জামাল তাকে কৌশলে বাড়িতে নিয়ে ধর্ষণ করে পালিয়ে যায়। মামলার সত্যতা নিশ্চিত করে তিনি বলেন, আসামিদের গ্রেফতারে পুলিশি অভিযান চলছে।